



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-০১৭

রাজশাহীতে বিভাগীয় বৃক্ষ মেলা শুরু

রাজশাহী; ১০ শ্রাবণ (২৫ জুলাই):

রাজশাহীতে সামাজিক বন বিভাগ আয়োজিত ২০ দিনব্যাপী বিভাগীয় বৃক্ষমেলার আজ শুরু হয়েছে। মঙ্গলবার (২৫ জুলাই) দুপুরে রাজশাহী সিটি করপোরেশনের গ্রীনপ্লাজায় প্রধান অতিথি হিসেবে বৃক্ষমেলার উদ্বোধন করেন বিভাগীয় কমিশনার ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর। এবারের প্রতিপাদ্য “গাছ লাগিয়ে যত্ন করি, সুস্থ প্রজন্মের দেশ গড়ি”।

এদিন মেলা উপলক্ষ্যে বেলা এগারোটায় নগরীর শহীদ এএইচএম কামারুজ্জামান চত্বর থেকে এক বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়ে রাজশাহী সিটি করপোরেশনের গ্রীনপ্লাজায় গিয়ে শেষ হয়।

রাজশাহীর জেলা প্রশাসক শামীম আহমেদের সভাপতিত্বে উদ্বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন রাজশাহী মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত কমিশনার বিজয় বসাক, রাজশাহী রেঞ্জের অতিরিক্ত ডিআইজি নরেশ চাকমা ও সামাজিক বন বিভাগের বগুড়া অঞ্চলের সামাজিক বন সংরক্ষক মোহাম্মদ আমিনুল ইসলাম, সামাজিক বন বিভাগ রাজশাহীর বিভাগীয় বন কর্মকর্তা মোঃ রফিকুজ্জামান শাহ।

শোভাযাত্রা শেষে অতিথিবৃন্দ উপকারভোগী ও ভূমি মালিক সংস্থার মাঝে লভ্যাংশের চেক বিতরণ করেন। পরে অতিথিবৃন্দ মেলার বিভিন্ন স্টল ঘুরে দেখেন। উল্লেখ্য, রাজশাহী জেলা প্রশাসনের সহায়তায় সামাজিক বন বিভাগের রাজশাহী বিভাগীয় কার্যালয় আয়োজিত এবারের বৃক্ষমেলায় বিভিন্ন প্রজাতির গাছের চারার সমাহার নিয়ে ৬২টি স্টল বসেছে।##

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২৩/১৫.২০ঘ.